605

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN 11 1999 ...
পৃষ্ঠা ২ কলাম ৬

# ঢাবিতে যৌন নিপীড়ন
## তদন্ত কমিটির রিপোর্ট

মামুন-অর-রশীদ ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়নের দায়ে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে তদন্ত কমিটি 'অশোভন' ও 'অশিক্ষক সুলভ' (শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## ঢাবিতে যৌন

(প্রথম পাতার পর)

আচরণের একাধিক প্রমাণ পেয়েছে। কমিটি রিপোর্টে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী শাস্তির সুপারিশ করেছে। আজ সোমবার সিন্ডিকেটের এক বৈঠকে রিপোর্ট পর্যালোচনা শেষে 'চার্জ ফ্রেম' করা হবে। গতকাল রবিবার রাতে তদন্ত কমিটি কর্তৃপক্ষের কাছে রিপোর্ট জমা দিয়েছে।

রবিবার বেলা দেড়টায় উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর নিকট তদন্ত কমিটি রিপোর্ট হস্তান্তর করেছে। তদন্ত কমিটি অভিযুক্ত শিক্ষক আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক শাহীদুজ্জামানের বিরুদ্ধে 'অশোভন' ও 'অশিক্ষক সুলভ' আচরণের একাধিক প্রমাণ পেয়েছে। তদন্ত কমিটি ১৩ পৃষ্ঠার এই রিপোর্টে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী শাস্তির সুপারিশ করেছে।

গত ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে লোক প্রশাসন বিভাগের জনেক ছাত্রী এই শিক্ষকের বিরুদ্ধে অশোভন আচরণের অভিযোগ দায়ের করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অভিযোগপত্র পাওয়ার পর অধ্যাপক শাহাদত আলীকে আহ্বায়ক করে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করে। কমিটির অন্যান্য সদস্য হচ্ছেন অধ্যাপক আফম ইউছুফ হায়দার, মিসেস কাজী আফরোজ জাহান আরা, রেজিস্ট্রার মুহাম্মদ সেলিম ও এ্যাডভোকেট সৈয়দ আহম্মদ। তদন্ত কমিটি গত ৬ জানুয়ারি রিপোর্ট প্রদান করার কথা ছিল। কিন্তু তদন্ত কার্যক্রমের প্রয়োজনে অতিরিক্ত ৪ দিন সময় নিয়ে একমাস পরে গতকাল কমিটি চূড়ান্ত রিপোর্ট প্রদান করেছে। দীর্ঘ এই একমাস সময়ের মধ্যে যৌন নির্যাতন ইস্যু নিয়ে ক্যাম্পাসে দু'গ্রুপ ছাত্রছাত্রীর মধ্যে অনেক উত্তেজনা সৃষ্টি হয়েছে।

SHEET ___ OF ___ SHEETS